# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালক, প্রসেসিং সেকশন এর কার্যালয়
ওয়াপদা ভবন, (৭ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ অফিস-০২-৯৫৮৬৪৮৩
ই-মেইল: dir.processing.bwdb@gmail.com
ওয়েব ঠিকানা: www.bwdb.gov.bd

Office of the Director, Processing Section
WAPDA Building (6th floor)
Motijheel C/A, Dhaka
Phone: Off-02-9586483
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির (এপিএ) আওতাভুক্ত কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নকল্পে পরিচালক, প্রসেসিং সেকশন, পাউবো, ঢাকা, স্মারক নং- ৩৬০/পিএস/এপিএ-৫৬/২০১৬ তাঃ ১৭/১১/২০১৯খ্রিঃ) মোতাবেক জোনের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভার কার্য-বিবরণী।

---

| | |
|---|---|
| **সভাপতি ঃ** | মোঃ নুরুল আমিন, পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), প্রসেসিং সেকশন, পাউবো, ঢাকা ও বাপাউবো'র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| **সভার তারিখ ঃ** | ২১/১১/২০১৯ খ্রিঃ। |
| **সভার সময় ঃ** | সকাল ১০ঃ৩০ হতে বিকাল ০২ঃ৩০ ঘটিকা। |
| **স্থান ঃ** | পরিচালক, প্রসেসিং সেকশনের দপ্তরকক্ষ। |
| **উপস্থিতি ঃ** | পরিশিষ্ট 'ক' এবং 'খ'। |

১। পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), প্রসেসিং সেকশন, পাউবো, ঢাকা ও বাপাউবো'র পক্ষে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সভাপতিত্বে বিগত ২১/১১/২০১৯ তারিখ যথাক্রমে সকাল ১০:৩০ ঘটিকা এবং বিকাল ০২:৩০ ঘটিকায় দুইটি সভা অনুষ্ঠিত হয়। সকাল বেলার সভায় উপস্থিত ছিলেন বোর্ডের ৯টি জোনের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক) এবং বিকাল বেলায় সভায় উপস্থিত ছিলেন বৈদেশিক ঋণ সহায়তা প্রকল্প এবং বিশেষ প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকবৃন্দের প্রতিনিধিগণ (পরিশিষ্ট-খ)। সভার আলোচ্য বিষয় ছিল চলতি বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতাভুক্ত কার্যক্রম সময়মতো বাস্তবায়ন।

২। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির অগ্রগতির ১ম কোয়ার্টার অর্জন সম্পর্কে সকলকে অবহিত করে চলতি মাস পর্যন্ত হালনাগাদ অগ্রগতি জানান। এপিএ এর কৌশলগত উদ্দেশ্যে সমূহের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেকটা জোনের অগ্রগতি আলাদা ভাবে বিবৃত করেন। প্রত্যেক জোনের কার্যক্রম ভুক্ত কর্মসম্পাদন সূচক সমূহে বর্ণিত লক্ষ্যমাত্রা সময়মতো বাস্তবায়নে প্রত্যেক বিভাগীয় দপ্তর হতে আলাদা কর্ম-পরিকল্পনা গ্রহণের উপর জোর দেন। কাজে নিয়োজিত ঠিকাদারদের কোন প্রকার গাফিলতি পরিলক্ষিত হলে জোনের ঊর্দ্ধতন কর্মকর্তাগণ সময়মতো পদক্ষেপ গ্রহণ করে কাজ ত্বরান্বিত করার উদ্যোগ নেয়া অত্যাবশ্যক। বোর্ডের এপিএ কার্যক্রমে অবশ্যই সফলতা আনয়নে সকলকে আরো গুরুত্ব দিয়া কাজ করতে হবে।

৩। চলতি অর্থ-বছরের কৌশলগত উদ্দেশ্যের আওতাভুক্ত কার্য্যক্রম সূচক যেমন- বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/পুনঃ আকৃতিককরন, নদী-তীর সংরক্ষণ, এক্সাভেটর এবং ড্রেজারের মাধ্যমে নদী/খাল পুনঃ খনন, অবকাঠামো নির্মাণ/ পুনঃ নির্মাণ/ মেরামত/পুনর্বাসণ, ডুবন্ত বাঁধ নির্মাণ/পুণঃ নির্মাণ/মেরামত/পুণঃ আকৃতিকরন,উপকূলীয় বাঁধ উঁচুকরন এবং ঢাল প্রতিরক্ষা ইত্যাদি নিয়া উপস্থিত কর্মকর্তাগণ বিস্তারিত আলোচনা করেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প বাস্তবায়ন, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন, উপকূলীয় এলাকায় বনায়ন/বৃক্ষরোপণ ইত্যাদি বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্য্য সম্পাদন করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।
বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর আওতাভুক্ত কার্যক্রম এবং "গোপালগঞ্জ সদর থেকে টুঙ্গিপাড়া নৌপথ যোগাযোগ পুনঃস্থাপন" কাজের বিষয়ে সময়ানুগ পরিকল্পনা গ্রহণ করে এপিএ টার্গেট পূর্ণ করার জন্য তাগিদ দেয়া হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে প্রত্যেক মাসে অগ্রগতি জানানোর অনুরোধ করা হয়।

৪। ২০১৯-২০ অর্থ-বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনায় দেখা যায় অনেক দপ্তর এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে তেমন কোন গুরুত্ব দিচ্ছে না। সভাপতি জানান যে, গত অর্থ-বছরে বাপাউবো আবশ্যিক অংশে কিছু নম্বর হারিয়েছে। চলতি অর্থ-বছরে এ ব্যাপারে অধিকতর গুরুত্ব দেয়ার তাগাদা দেয়া হচ্ছে। মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে মাঠ দপ্তরে প্রেরণ করা হলেও তেমন কোন সাড়া পাওয়া যাচ্ছে না। সভাপতি এ বিষয়ে মাঠ পর্যায়ে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের আরো দায়িত্ব নিয়া কাজ করার আহবান জানান। এপিএ এর আওতাভুক্ত সকল সূচক সময়মতো বাস্তবায়নে আরো গুরুত্ব দেয়ার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। সভাপতি আরো জানান যে, যারা এখনো এপিএ টীম গঠন করেন নি তাদেরকে আর কালক্ষেপন না করে দ্রুত টীম গঠন করে অত্র দপ্তরকে অবহিত করার অনুরোধ জ্ঞাপন করা হয়। এছাড়া সকল জোনাল প্রধান প্রকৌশলীর সাথে তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের সাথে সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলীদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের জন্য বোর্ড হতে নির্দেশনা দেয়া হলেও তা অনেকাংশে বাস্তবায়ন হয়নি বলে জানা যায়। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

৫। সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণে যারা এখনো মাঠ-পর্যায়ের কার্যালয়ে এপিএ টীম গঠন করেননি তারা সহসা টীম গঠনপূর্বক বোর্ডের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করতে হবে। | সকল জোনাল প্রধান প্রকৌশলী। |
| খ) | কৌশলগত উদ্দেশ্য সমূহের আওতাস্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী অঙ্গসমূহ সময়মতো বাস্তবায়ন করতে হবে। | সকল জোনাল প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালক। |
| গ) | "উপকূলীয় এলাকায় বৃক্ষরোপণ" শীর্ষক কর্মসম্পাদন সূচক চলতি অর্থ-বছরে টার্গেট সম্পাদন করতে হবে। | প্রকল্প পরিচালক সিআইপি-১ ও প্রধান প্রকৌশলী দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্রগ্রাম। |
| ঘ) | "গোপালগঞ্জ সদর থেকে টুঙ্গিপাড়া নৌপথ যোগাযোগ পুনঃস্থাপন" শীর্ষক কার্য্যক্রম নদী পুনঃ খননের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউপো, ফরিদপুর। |
| ঙ) | ঙ) কৌশলগত উদ্দেশ্যের আওতাস্থ দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরনে কর্মসম্পাদন সূচকঃ<br>(i) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, নির্দিষ্ট সময়ে অভিযোগ নিষ্পত্তিকল্পে দপ্তরে অভিযোগ বক্স রাখা, সেবা বক্স রাখা সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরন এবং সেবা গ্রহীতাদের মতামত পর্যবেক্ষন ব্যবস্থা চালু করা। | সকল জোনাল প্রকৌশলী এবং সকল প্রকল্প পরিচালক। |
| চ) | কর্ম-সম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি কল্পে-<br>• ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন।<br>• উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।<br>• তথ্য বাতায়ন হালনাগাদকরন।<br>• পিআরএল শুরুর ২ (দুই) মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারী করা (এ বিষয়ে তার নিয়ন্ত্রনাধীন পিআরএল গমণকারীদের পিআরএল এমনভাবে জারী করতে হবে যাতে করে উহা পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর পিআরএল শুরুর দুমাস পূর্বে ছুটি নগদায়ন জারী করতে পারেন।) | সকল জোনাল প্রধান প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল। |
| ছ) | আর্থিক ও সম্পদ ব্যবস্থপনার উন্নয়ন-<br>• স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা। এ বিষয়ে স্থাবর সম্পত্তি জমি-জমার যথানিয়মে জমাখারিজ (mutation) করানো খাজনা প্রদানপূর্বক দাখিলা সংগ্রহ করতে হবে।<br>• অডিট আপত্তি-নিষ্পত্তি কার্য্যক্রমের উন্নয়ন। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ সকল বিভাগীয় দপ্তরের অডিট আপত্তির ব্রডশীট প্রয়োজনে র‍্যাক দপ্তরের সহায়তায় দাখিল কার্যক্রম হালনাগাদ নিশ্চিত করতে হবে। আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক, অডিট পরিদপ্তরের সাথে যোগাযোগ করে ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে। চলতি বছর কয়টি সভা হলো এবং কতটা আপত্তি নিষ্পত্তি হলো তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।<br>• টেলিফোন, বিদ্যুৎ বিল সময়মতো পরিশোধ করতে হবে। | সকল জোনাল প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণ। |

৬। এপিএ এর আওতাধীন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের কার্যক্রম এবং কর্মসম্পাদন সূচক সমূহ মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত বিধায় অধিকতর গুরুত্ব সহকারে বাস্তবায়নে তৎপর হতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নুরুল আমিন) ২/১২/১৯
পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

স্মারক নং-৩৮৩/এপিএ-৫৫/২০১৬

তারিখ ঃ ০২/১২/২০১৯ইং

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)ঃ
১। অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন) ও সভাপতি, এপিএ টীম, বাপাউবো, ঢাকা।
২। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/দক্ষিণাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল,বাপাউবো, ঢাকা/চট্রগ্রাম/সিলেট/কুমিল্লা/বরিশাল/ফরিদপুর/খুলনা/রাজশাহী/রংপুর।
৪। প্রকল্প পরিচালক, CEIP-1/IMIP/FRERMIP/Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB part)/ Blue Gold Project/South West Project/৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সদস্য সকল, এপিএ টীম, বাপাউবো।

নং ৬৪৬৪ তারিখঃ ৩/১২/১৯
সহকারী প্রোগ্রামার ১/২ জরুরী
নেটওয়ার্ক প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিন
অফিস সহকারী নথিতে পেশ করুন
নথিতে রাখুন
জবাব পত্র দিন
সিস্টেম এনালিস্ট ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা